সংবাদ।

তারিখ ২৯।৭।৮১
পৃষ্ঠা ৬ কলাম ৫

১৪৩

# প্রকৌশল মহাবিদ্যালয়ে ভর্তি সমস্যা

আমরা ১৯৭৯ সনে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) পরীক্ষায় পাস করিয়া প্রকৌশল বিজ্ঞান পড়ার জন্যে ভর্তির অপেক্ষায় আছি। কর্তৃপক্ষের চরম খামখেয়ালীর দরুন গত বছর অর্থাৎ ১৯৭৯-৮০ শিক্ষাবর্ষে রাজশাহী, চট্টগ্রাম ও খুলনা প্রকৌশল মহাবিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয় নাই। এই বছর অর্থাৎ ১৯৮০-৮১ শিক্ষাবর্ষে উক্ত প্রকৌশল মহাবিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে না বলিয়া কলেজ কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়াছে। কারণ নাকি শিক্ষক সমস্যা। তাছাড়া শিক্ষকদের নানাবিধ দাবী দাওয়া সরকার পূরণ না করিলে তাহারা ছাত্র-ছাত্রী ভর্তি করিবে না। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের চরম অবহেলার দরুন আমরা দুইটি বছর পড়াশুনা থেকে বঞ্চিত হই। সরকার বলেন, কারিগরি ও প্রযুক্তিবিদ্যার প্রতি অধিক গুরুত্ব দেওয়া হইবে অথচ বাস্তবে দেখা যায় অধিক গুরুত্বের পরিবর্তে মোটেই গুরুত্ব নাই। প্রকৌশল মহাবিদ্যালয়ে ভর্তি হইব বুকভরা আশা নিয়া আমরা এ বছরও অধীর আগ্রহে অপেক্ষা করিতেছি এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নিকট বহু আবেদন করিয়া ব্যর্থ হইয়াছি। অথচ কেন যে কর্তৃপক্ষ আমাদের সমস্যার প্রতি একবারও দৃষ্টি দেন না তার কারণ বুঝিতে পারি না।

মাননীয় রাষ্ট্রপতির নিকট আমাদের আবেদন, প্রকৌশল মহাবিদ্যালয়ের সকল সমস্যা সমাধান করিয়া ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি দিয়া আমাদের অনিশ্চিত ভবিষ্যৎকে রক্ষা করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে নির্দেশ দিন।

এম, জি, মোস্তফা,
এন, বি চৌধুরী,
শাহাদত হোসেন,
৫।১, গোপী মোহন বসাক লেন, ঢাকা।